

“মুজিব বর্ষের কূটনীতি,  
প্রগতি ও সম্প্রীতি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
পশ্চিম এশিয়া অনুবিভাগ  
সেগুনবাগিচা, ঢাকা  
[www.mofa.gov.bd](http://www.mofa.gov.bd)



নং- ১৯.০০.০০০০.৪৬৫.০৪.৬০১.২২/২৪৯

তারিখ: ২২ চৈত্র ১৪২৮  
০৫ এপ্রিল ২০২২

প্রেরকঃ জনাব মোঃ আরিফুর রহমান  
সহকারী সচিব (পশ্চিম এশিয়া)

প্রাপকঃ জনাব মোঃ ইকবাল হোসেন খান  
মহাপরিচালক (পশ্চিম এশিয়া)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ০৭-১০ এপ্রিল ২০২২ খ্রিঃ পর্যন্ত জর্ডান এবং ১০-১৩ এপ্রিল ২০২২ খ্রিঃ পর্যন্ত কুয়েতে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম ০৯ এপ্রিল ২০২২ খ্রিঃ বাণিজ্য, অর্থনৈতিক ও শ্রম সংক্রান্ত বিভিন্ন সমস্যা নিরসনে মধ্যপ্রাচ্য ও উপসাগরীয় অঞ্চলের বিভিন্ন দেশসহ বাংলাদেশ মিশনের (সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, কাতার, ওমান, বাহরাইন, জর্ডান, ইরাক, ইরান ও লেবানন) লেবার, কমার্শিয়াল ও ইকনোমিক কাউন্সিলরগণের সঙ্গে জর্ডানের আম্মানস্থ বাংলাদেশ দূতাবাসে একটি বৈঠক করবেন। সে লক্ষ্যে তিনি ০৭-১০ এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত জর্ডান সফর করবেন। মন্ত্রিপরিষদ সচিব ১০-১৩ এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৭ সদস্য বিশিষ্ট প্রতিনিধিদল নিয়ে কুয়েতের শেখ জাবের আল-আহমাদ আল-সাবাহ সেতু (৪৮.৫০ কি.মি. দীর্ঘ) পরিদর্শন করবেন। প্রতিনিধিদল সেতু পরিদর্শন করে বাংলাদেশে নির্মানাধীন পদ্মা সেতুর পরিচালনা ও সংরক্ষণের বিষয়ে অভিজ্ঞতা অর্জন করবেন। মন্ত্রিপরিষদ সচিবের জর্ডান ও কুয়েত সফরের সময় পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে জনাব মোঃ ইকবাল হোসেন খান, মহাপরিচালক (পশ্চিম এশিয়া) তাঁর সফরসঙ্গী হিসেবে ভ্রমণ করবেন। আপনার অনুকূলে উক্ত সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপঃ

- ভ্রমণকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবেন।
- দলের সদস্য হিসেবে আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া ও বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং এ ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থ-বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে সংকুলান করা হবে।
- আপনি আগামী ০৭ এপ্রিল ২০২২ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে জর্ডানের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১৩ এপ্রিল ২০২২ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা-এর উদ্দেশ্যে কুয়েত ত্যাগ করবেন।
- জরুরী অবস্থা ব্যতীত অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করবেন না।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

*Arif*

(মোঃ আরিফুর রহমান)

সহকারী সচিব (পশ্চিম এশিয়া)

ফোনঃ ০২২২৩৩৮৭৯০০

ইমেইলঃ [as.wal@mofa.gov.bd](mailto:as.wal@mofa.gov.bd)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব (পূর্ব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৫। পরিচালক (পররাষ্ট্রমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিনিধির দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সংস্থাপন-১/বাজেট/তহবিল/আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৯। বাংলাদেশ দূতাবাস, আম্মান, জর্ডান/কুয়েত।
- ১০। অফিস কপি।